রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪৩০/২১ নভেম্বর ২০২৩

নং **১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯(অংশ-২)-৪৮৩**—জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা ২০১৪ এর প্রবিধি ২ (৫) এ সংজ্ঞায়িত এবং উক্ত প্রবিধানমালার প্রবিধি ৩ ও ৪ এ আবেদন দাখিল এবং আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তার দায়িত্ব নির্ধারণ করা হইল :

২নং কলামে বর্ণিত তথ্যাদি সংশোধনের জন্য ০৬ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা হইলো। জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধনের সকল আবেদন অনলাইনে/সরাসরি উপজেলা/থানা নির্বাচন অফিসে এবং ক্ষেত্রবিশেষ, নির্বাচন কমিশন সচিবালয়ের এনআইডি উইং-এ গ্রহণ এবং প্রক্রিয়াকরণ করিতে হইবে। দাখিলকৃত আবেদনসমূহ ‘ক’, ‘ক-১’, ‘খ’, ‘খ-১’, ‘গ’, ‘গ-১’ এবং ‘ঘ’ ক্যাটাগরিতে বিভাজনপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতিতে নিষ্পত্তি করিতে হইবে :


মূল্য : টাকা ৩০.০০

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১ | **নিজ নাম** (বাংলা ও ইংরেজি) | - শুধু নামের বানানের মুদ্রণজনিত ভুল সংশোধন | **ক-১** | শিক্ষাগত যোগ্যতা থাকলে-<br>১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স সনদ বা বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমান সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>শিক্ষাগত যোগ্যতা না থাকলে-<br>২. অনলাইন জন্ম সনদ<br>৩. নাগরিক সনদ | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ০২ | **পিতা/মাতার নাম** | - শুধু পিতা/মাতার নামের বানানের মুদ্রণজনিত ভুল সংশোধন | **ক-১** | শিক্ষাগত যোগ্যতা থাকলে-<br>১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. পিতা/মাতার এনআইডি<br>৩. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৪. ভাই/বোনের এনআইডি কপি/জন্ম সনদ/শিক্ষা সনদ | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | শিক্ষাগত যোগ্যতা না থাকলে-<br>৫. অনলাইন জন্ম সনদ<br>৬. পিতা/মাতার এনআইডি<br>৭. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৮. ভাই/বোনের এনআইডি কপি/ জন্ম সনদ/শিক্ষা সনদ | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ০৩ | **রক্তের গ্রুপ** | - সংযোজন ও সংশোধন | **ক-১** | ১. মেডিক্যাল রিপোর্ট/ রক্তের গ্রুপ উল্লিখিত প্রযোজ্য প্রমাণপত্র | |
| ০৪ | **TIN নম্বর/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্ট নম্বর/মোবাইল/ টেলিফোন নম্বর** | - সংযোজন/সংশোধন | **ক-১** | ১. TIN সার্টিফিকেট/ ড্রাইভিং লাইসেন্স কপি/পাসপোর্ট কপি<br>২. মোবাইল নম্বরের স্বপক্ষে প্রমাণক/প্রমাণপত্র | |
| ০৫ | **পিতা/মাতা/ স্বামী/স্ত্রীগণের এনআইডি নম্বর/ভোটার নম্বর/জন্ম সনদ নম্বর** | - পিতা/মাতা/ স্বামী/স্ত্রীগণের এনআইডি নম্বর/ভোটার নম্বর/ জন্ম সনদ নম্বর সংযোজন | **ক-১** | ১. পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ নম্বর | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৬ | **দৃশ্যমান সনাক্তকরণ চিহ্ন** | - সংশোধন/হালনাগাদ | **ক-১** | ১. আবেদন অনুসারে | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ০৭ | **নিজ নাম** (বাংলা ও ইংরেজি) | - নামের বানান সংশোধন (সম্পূর্ণ নাম পরিবর্তন ব্যতীত)<br>- বাংলা ও ইংরেজি নামের পারস্পারিক মিল রেখে সংশোধন<br>- মূল নাম ঠিক রেখে নামের আংশিক সংশোধন/ সংযোজন/বিয়োজন | **ক** | শিক্ষাগত যোগ্যতা থাকলে-<br>১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স সনদ বা বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমান সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>শিক্ষাগত যোগ্যতা না থাকলে-<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>৩. নাগরিক সনদ<br>৪. পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৫. স্বামী/স্ত্রী এর জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬. সন্তানদের জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদ /শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৮ | **পিতা/মাতার নাম** | - নামের বানান সংশোধন<br>- মূল নাম ঠিক রেখে নামের আংশিক সংশোধন/ সংযোজন/বিয়োজন | ক | শিক্ষাগত যোগ্যতা থাকলে-<br>১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. পিতা/মাতার এনআইডি<br>৩. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৪. ভাই/বোনের এনআইডি /জন্ম সনদ/শিক্ষা সনদ/ পাসপোর্ট<br>শিক্ষাগত যোগ্যতা না থাকলে-<br>৫. অনলাইন জন্ম নিবন্ধন<br>৬. পিতা/মাতার এনআইডি<br>৭. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৮. ভাই/বোনের এনআইডি / জন্ম সনদ/শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৯ | **জন্ম তারিখ** | - সবোর্চ্চ ০৩ (তিন) বছর | ক | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি/ এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট-<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>৩. পেনশন দলিলাদি<br>৪. চাকুরি বহি/মান্থলি পেমেন্ট অর্ডার (MPO)<br>৫. ভোটার/পরিচয় নিবন্ধনের পূর্বে ইস্যুকৃত পাসপোর্ট<br>৬. ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১০ | **জন্মস্থান** | - জন্মস্থান পরিবর্তন | ক | ১. জন্ম নিবন্ধন<br>২. পাসপোর্ট (যদি থাকে)<br>৩. ই.পি.আই টিকা কার্ড/ হাসপাতাল কর্তৃক ইস্যুকৃত জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১১ | **শিক্ষাগত যোগ্যতা** | - হালনাগাদ (নিম্ন হতে উর্ধ্ব) | ক | ১. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ (বিদ্যমান শিক্ষাসনদসহ পরবর্তীতে অর্জিত সকল শিক্ষা সনদ) | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১২ | **পেশা** | - সংশোধন/পরিবর্তন | ক | ১. চাকুরিজীবীর ক্ষেত্রে নিয়োগপত্র কপি/অফিসিয়াল পরিচয়পত্র<br>২. ব্যবসায়ীর ক্ষেত্রে ট্রেড লাইসেন্স<br>৩. অন্যান্য পেশার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১৩ | **ধর্ম** | - ধর্ম সংশোধন (করণিক ভুল) | ক | ১. আবেদন অনুসারে যাচাই সাপেক্ষে | |
| ১৪ | **বর্তমান ঠিকানা** | - ভোটার এলাকার পরিবর্তন ব্যতিরেকে বর্তমান ঠিকানা সংশোধন<br>(বিঃদ্রঃ ভোটার এলাকার পরিবর্তন হলে স্থানান্তর এর আবেদন করতে হবে) | ক | ১. চেয়ারম্যান/কাউন্সিলর-এর প্রত্যয়ন/নাগরিক সনদ<br>২. ইউটিলিটি বিলের কপি<br>৩. অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ১৫ | **স্থায়ী ঠিকানা** | - একই উপজেলার মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | ক | ১. চেয়ারম্যান/কাউন্সিলর-এর প্রত্যয়ন/নাগরিক সনদ<br>২. ইউটিলিটি বিলের কপি<br>৩. পিতা/মাতার এনআইডি<br>৪. অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ১৬ | **আঙ্গুলের ছাপ** | - আঙ্গুলের ছাপ সংযোজন/ হালনাগাদকরণ<br>- আঙ্গুলের ছাপ পরিবর্তন | ক | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. AFIS যাচাই সাপেক্ষে | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৭ | **স্বাক্ষর** | স্বাক্ষর পরিবর্তন | ক | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. স্বাক্ষরের স্বপক্ষে প্রমাণক/প্রমাণপত্র<br>৩. AFIS যাচাই সাপেক্ষে (পূর্বের কোন সংশোধন আবেদনে নাম সংশোধন হয়ে থাকলে AFIS যাচাইয়ের প্রয়োজন নেই) | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১৮ | **পিতা/মাতা/স্বামী/ স্ত্রী এর মৃত্যুর সাল** | পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর মৃত্যুর সাল সংযোজন/সংশোধন | ক | ১. পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর অনলাইন মৃত্যু সনদ<br>২. হাসপাতাল কর্তৃক ইস্যুকৃত মৃত্যু সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ১৯ | **লিঙ্গ** | লিঙ্গ পরিবর্তন (করণিক ভুল) | ক | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. নিবন্ধন ফরম-২<br>৩. ছবি যাচাই | |
| ২০ | **অসমর্থতা** | বিভিন্ন ধরনের প্রতিবন্ধীতা অন্তর্ভুক্তকরণ | ক | সমাজ সেবা অধিদপ্তর/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |
| ২১ | **পিতা/মাতার নাম** | পিতা অথবা মাতা যেকোন এক জনের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | খ | ১. অনলাইন জন্ম সনদ;<br>২. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ৩. চাকুরী বহি/পেনশন বহির সত্যায়িত কপি<br>৪. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা কপি<br>৫. পিতা/মাতার এনআইডি<br>৬. ভাই/বোনের এনআইডি কপি/ জন্ম সনদ/শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৮. পাসপোর্ট / ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>১০. DNA রিপোর্ট (পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধের ক্ষেত্রে)<br>১১. সহঃ উপজেলা/ উপজেলা/ থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২২ | **জন্ম তারিখ** | - সবোর্চ্চ ৫ (পাঁচ) বছর | **খ-১** | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>৩. চাকুরি বহি/মান্থলি পেমেন্ট অর্ডার (MPO) এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশ পত্র | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |
| | | - সবোর্চ্চ ৭ (সাত) বছর | **খ** | | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ৪. পেনশন বহি এবং সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |
| | | | | ৫. ভোটার/পরিচয় নিবন্ধনের পূর্বে ইস্যুকৃত পাসপোর্ট<br>৬. স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. প্রথম সন্তানের এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৮. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমাণের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |
| ২৩ | **বৈবাহিক অবস্থা** (Marital Status) **ও** **স্বামী/স্ত্রীর নাম** | - নামের বানানসহ আংশিক পরিবর্তন<br>- বিবাহ/তালাকজনিত কারণে নাম সংযোজন/বিয়োজন/ সংশোধন<br>- বিবাহ/তালাক ব্যতীত অন্য কারণে নাম পরিবর্তন<br>- বিবাহিত হতে অবিবাহিত | **খ-১** | ১. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/তালাকনামা, বিবাহ/ তালাকের উপযুক্ত প্রমাণপত্র;<br>২. স্বামী/স্ত্রীর এনআইডি;<br>৩. স্বামী/স্ত্রীর পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে);<br>৪. সন্তান এর এনআইডি/জন্ম সনদ/শিক্ষা সনদ;<br>৫. ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক অবিবাহিত মর্মে প্রদত্ত প্রত্যয়নপত্র;<br>৫. সহঃ উপজেলা /উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৪ | **শিক্ষাগত যোগ্যতা** | - হালনাগাদ (উর্ধ্ব হতে ৮ম/৭ম/৬ষ্ঠ/৫ম পর্যন্ত) | **খ-১** | ১. শিক্ষা সনদ;<br>২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন;<br>৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা ও পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি<br>৪. সহঃ উপজেলা /উপজেলা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/<br>জেলা নির্বাচন অফিসার |
| ২৫ | **শিক্ষাগত যোগ্যতা** | - হালনাগাদ (উর্ধ্ব হতে শিক্ষা সনদ বিহীন/নিরক্ষর) | **খ** | ১. নিবন্ধন ফরম-২<br>২. স্বাক্ষর যাচাই<br>৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা ও পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি<br>৪. সহঃ উপজেলা /উপজেলা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| ২৬ | **স্থায়ী ঠিকানা** | - একই জেলার মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | **খ** | ১. জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>২. চেয়ারম্যান/কাউন্সিলর-এর প্রত্যয়ন/নাগরিক সনদ;<br>৩. ইউটিলিটি বিলের কপি/জমির খতিয়ান/খাজনা প্রদানের রশিদ;<br>৪. পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৫. চাহিত ঠিকানার উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭ | **ধর্ম** | - ধর্ম পরিবর্তন<br>- ধর্মান্তরের কারণে অন্যান্য পরিবর্তন (নিজ নাম, প্রযোজ্য ক্ষেত্রে পিতা/মাতা, স্বামী/স্ত্রীর নাম) | **খ-১** | ১. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা ও পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি<br>২. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৩. প্রযোজ্য শিক্ষা সনদ (জাতীয় পরিচয়পত্র সংশোধনের ০৩ মাসের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক সংশোধিত শিক্ষা সনদ প্রদানের অঙ্গীকার নামা)<br>৪. মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |
| ২৮ | **ছবি** | - ছবি হালানাগাদকরণ | **খ** | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. AFIS যাচাই সাপেক্ষে<br>৩. মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ছবিযুক্ত প্রত্যয়নপত্র | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/<br>জেলা নির্বাচন অফিসার |
| ২৯ | **বায়োমেট্রিক পরিবর্তন** | - নিবন্ধন ফরম পরিবর্তনের কারণে ডেমোগ্রাফিক তথ্য পরিবর্তন | **খ** | ১. নিবন্ধন ফরম-২<br>অথবা<br>২. আবেদনকারীর AFIS যাচাই<br>৩. উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/<br>জেলা নির্বাচন অফিসার |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩০ | **নিজ নাম (বাংলা ও ইংরেজি)** | নামের বানান পরিবর্তনের কারণে মূল নাম পরিবর্তন (যেমন- হাশেম এর পরিবর্তে কাশেম) | **গ-১** | ১. অনলাইন জন্ম নিবন্ধন;<br>২. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি/ অনার্স/ মাষ্টার্স বা সমমান সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>৩ চাকুরী বহি/পেনশন বহির সত্যায়িত কপি;<br>৪. সন্তানদের এনআইডি /জন্ম সনদ/শিক্ষা সনদ;<br>৫. স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. মুক্তিযোদ্ধা সনদ; (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৮. পাসপোর্ট কপি/ ড্রাইভিং লাইসেন্স কপি; (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ৩১ | **নিজ নাম** (বাংলা ও ইংরেজি) | - নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | **গ** | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>৪. চাকুরী বহি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশপত্র<br>৫. পেনশন বহি ও সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র<br>৬. পাসপোর্ট কপি/ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৮. চেয়ারম্যান/কাউন্সিলর প্রদত্ত প্রত্যয়নপত্র;<br>৯. ওয়ারিশ/পারিবারিক উত্তরাধিকার সনদ;<br>১০. স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১১. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ;<br>১২. অন্যান্য বৈধ দলিলাদি (যদি থাকে)<br>১৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার কর্তৃক তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩২ | **পিতা/মাতার নাম** | - পিতা ও মাতা উভয়ের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | গ | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>৩. পিতা-মাতার এনআইডি<br>৪. চাকুরী বহি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে প্রদত্ত সুপারিশ পত্র<br>৫. পেনশন বহি ও সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক অফিস স্মারকে প্রদত্ত প্রত্যয়নপত্র<br>৬. পাসপোর্ট কপি/ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৮. চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক অফিস স্মারকে প্রদত্ত প্রত্যয়নপত্র;<br>১০. ওয়ারিশ/পারিবারিক উত্তরাধিকার সনদ (যার নামে ওয়ারিশনামা তিনি একাধিক বিয়ে করে থাকলে অথবা ওয়ারিশদের পিতা/মাতা ভিন্ন হলে নামের পাশে পিতা/মাতার নাম লিখা থাকতে হবে) | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ১৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>১৫. DNA টেস্ট রিপোর্ট (পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধের ক্ষেত্রে)<br>১৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার কর্তৃক তদন্ত প্রতিবেদন(প্রযোজ্য ক্ষেত্রে) | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ৩৩ | **জন্ম তারিখ** | - সবোর্চ্চ ০৮ (আট) বছর | **গ-১** | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>৩. চাকুরি বহি/মান্থলি পেমেন্ট অর্ডার (MPO) এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশ পত্র<br>৪. পেনশন বহি এবং সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র<br>৫. ওয়ারিশনামা (এনআইডি নম্বর, বয়স ও জন্মতারিখ উল্লেখপূর্বক বড় সন্তান থেকে ছোট সন্তান ক্রমানুসারে সকল ওয়ারিশের নাম থাকতে হবে) | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ৩৪ | **জন্ম তারিখ** | - সবোর্চ্চ ১০ (দশ) বছর | **গ** | | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ৬. ভোটার/পরিচয় নিবন্ধনের পূর্বে ইস্যুকৃত পাসপোর্ট | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| | | | | ৭. মুক্তিযোদ্ধা সনদ কপি/ ড্রাইভিং লাইসেন্স কপি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমাণের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট<br>১০. স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১১. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১২. প্রথম সন্তানের/ সন্তানদের এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১৩. উপজেলা/ অতিরিক্ত জেলা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ৩৫ | **স্থায়ী ঠিকানা** | - একই অঞ্চলের মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | গ | ১. জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>২. চেয়ারম্যান/কাউন্সিলর-এর প্রত্যয়ন/নাগরিক সনদ;<br>৩. ইউটিলিটি বিলের কপি/জমির খতিয়ান/খাজনা প্রদানের রশিদ;<br>৪. পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৫. চাহিত ঠিকানার উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩৬ | নিজ নামসহ পিতা-মাতার নাম সংশোধন (বাংলা ও ইংরেজি) | - নিজ নামসহ পিতা/মাতা'র নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | ঘ | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>২. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি/ এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট;<br>৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>৪. চাকুরী বহি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশ পত্র;<br>৫. পেনশন বহি ও সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র;<br>৬. পাসপোর্ট কপি/ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৭. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা;<br>৮. মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর প্রদত্ত প্রত্যয়নপত্র;<br>৯. ওয়ারিশ/পারিবারিক উত্তরাধিকার সনদ;<br>১০. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ;<br>১১. পিতা/মাতার এনআইডি | মহাপরিচালক, এনআইডি উইং |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ১২ পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/পাসপোর্ট; (এনআইডি না থাকলে)<br>১৩. ধর্মান্তরের সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১৪. DNA টেস্ট রিপোর্ট (পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধের ক্ষেত্রে)<br>১৫. অতিরিক্ত জেলা/ জেলা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | |
| ৩৭ | **জন্ম তারিখ** | ১০ (দশ) বছরের উর্ধ্বে | ঘ | ১. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/অনার্স/মাষ্টার্স বা সমমান সনদ/ সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>৩. চাকুরি বহি/মান্থলি পেমেন্ট অর্ডার (MPO) এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশ পত্র<br>৪. পেনশন বহি এবং সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র<br>৫. ওয়ারিশনামা (সকল সদস্যগণের এনআইডি নম্বরসহ)<br>৬. ভোটার/পরিচয় নিবন্ধনের পূর্বে ইস্যুকৃত পাসপোর্ট | মহাপরিচালক, এনআইডি উইং |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | ৭. ড্রাইভিং লাইসেন্স কপি<br>৮. মুক্তিযোদ্ধা সনদ কপি<br>৯. স্বামী/স্ত্রীর এনআইডি<br>১০. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা<br>১১. প্রথম সন্তানের/সন্তানদের এনআইডি<br>১২. সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমাণের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট<br>১৩. উপজেলা/ অতিরিক্ত জেলা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন | |
| ৩৮ | **লিঙ্গ** | - জৈবিক কারণে লিঙ্গ পরিবর্তন (Transgender) | ঘ | ১. উপযুক্ত চিকিৎসক কর্তৃক সনদ<br>২. প্রযোজ্য অন্যান্য দলিলাদি | |
| ৩৯ | **স্থায়ী ঠিকানা** | - ভিন্ন অঞ্চলের মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | ঘ | Voter at permanent হলে-<br>(ক) Offline Application এর ক্ষেত্রে—<br>▪ চাহিত উপজেলা/থানা নির্বাচন অফিসে আবেদন করিতে হইবে;<br>▪ সংশোধনযোগ্য হইলে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার তদন্ত প্রতিবেদনসহ এনআইডি উইং এ ফরওয়ার্ডিং করিবেন; | মহাপরিচালক, এনআইডি উইং |

| ক্রম | সংশোধনের ধরন | সংশোধনের বিবরণ | ক্যাটাগরি | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩৯ | **স্থায়ী ঠিকানা** | - ভিন্ন অঞ্চলের মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | ঘ | ▪ সংশোধনযোগ্য না হইলে বাতিল করিয়া দিবেন এবং বাতিলের কারণ উল্লেখপূর্বক পত্র মারফত আবেদনকারীকে অবহিত করিবেন।<br>(খ) <u>Online Application</u> এর ক্ষেত্রে-<br>▪ আবেদন প্রাপ্তির পর এনআইডি উইং এর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা 'ঘ' ক্যাটাগরিভুক্ত করিবেন;<br>▪ অতঃপর তিনি চাহিত অঞ্চলের সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারকে তদন্তের জন্য পত্র প্রেরণ করিবেন;<br>▪ পরবর্তীতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নথিতে উপস্থাপনের মাধ্যমে মহাপরিচালক কর্তৃক অনুমোদন/বাতিলের পর CMS এর নোটের কপি সংযুক্ত করতঃ নিষ্পত্তি করিতে হইবে।<br>উল্লেখ্য, তদন্তের ক্ষেত্রে চাহিত ঠিকানার চেয়ারম্যান/কাউন্সিলর-এর প্রত্যয়ন/নাগরিক সনদ এবং আবেদনকারীর ঠিকানার স্বপক্ষে ইউটিলিটি বিলের কপি বিবেচনা করিতে হইবে। প্রয়োজনে এনআইডি উইংএ শুনানী গ্রহণের ব্যবস্থা করিতে হইবে। | মহাপরিচালক, এনআইডি উইং |

**অনুসরনীয় নির্দেশনাবলীঃ**

১। উপর্যুক্ত ছকে বর্ণিত সকল ধরনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচন অফিসের ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক/উচ্চমান সহকারী/হিসাব সহকারীগণ নিম্নরূপ সহায়তা প্রদান করিবেঃ

হেল্প ডেস্কে অনলাইন আবেদন সংক্রান্ত সহায়তা প্রদান;

এনআইডি সংক্রান্ত সকল তথ্য সেবা প্রদান;

সংশোধন এবং এনআইডি কার্ডের হারানো/বিনষ্ট আবেদন গ্রহণ ও এর প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ;

(হার্ড কপির আবেদন কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের ক্রিয়েট অ্যাপ্লিকেশন অপশন ব্যবহার করিতে হইবে)

আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্তকরণ;

সাবমিটকৃত আবেদনের যাচাই-বাছাই (অ্যাডজুডিকেশন) ও নোট প্রদান করা;

এছাড়াও আবেদনকারী সরাসরি সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসে আবেদন দাখিল করিলে আবেদন প্রাপ্তির পর উহার সহিত সংযুক্ত দলিলাদিসহ আবেদনটি CMS (Card Management System)-এ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আপলোড করিবেন;

২। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ উর্ধ্বতন কর্তৃপক্ষ/উপজেলা/থানা নির্বাচন অফিসারের নির্দেশনানুসারে এনআইডি সংশোধন তদন্ত কার্যক্রম পরিচালনা, প্রতিবেদন প্রস্তুত এবং এনআইডি সেবা সংক্রান্ত কার্যক্রমে উপজেলা/থানা নির্বাচন অফিসারগণকে সহায়তা প্রদান করিবেন;

৩। উপর্যুক্ত ছকে বর্ণিত 'ক'+ 'ক-১', 'খ'+'খ-১' এবং 'গ'+'গ-১' ক্যাটাগরির আবেদন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হইতে কেন্দ্রীয়ভাবে যথাক্রমে সহকারী পরিচালক, উপ-পরিচালক এবং পরিচালক পর্যায়ে নিষ্পত্তি করিতে পারিবেন;

৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার তার অধিক্ষেত্রের 'ক' ক্যাটাগরি ছাড়াও সংশ্লিষ্ট উপজেলা/থানার 'ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন এবং সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার তার অধিক্ষেত্রের 'খ' ক্যাটাগরি ছাড়াও উপজেলা/থানার 'ক', 'ক-১' এবং 'খ-১', ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। অনুরূপভাবে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা তার জেলা/উপজেলা/থানাসমূহের 'গ' ক্যাটাগরি ছাড়াও 'গ-১', 'খ', 'খ-১', 'ক' এবং 'ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। একইভাবে মহাপরিচালক, এনআইডি উইং সকল অঞ্চল/জেলা/উপজেলা/থানার 'গ', 'গ-১', 'খ', 'খ-১' এবং 'ক', 'ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন;

৫। হেড অফিসে সংশোধনের আবেদন নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম এনআইডি উইং এর সকল অধিশাখার পরিবর্তে সীমিত পরিসরে শুধুমাত্র অপারেশন্স অধিশাখার মাধ্যমে পরিচালনা করা হইবে;

৬। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার এবং অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার পদ শূন্য থাকা বা পদ না থাকার কারণে যথাক্রমে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা সংশ্লিষ্ট ক্যাটাগরির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে দায়িত্ব পালন করিবেন;

৭। জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা ২০১৪ এর প্রবিধান ৪ এ উল্লিখিত সময়সীমা অনুসরণপূর্বক জাতীয় পরিচয়পত্র সংশোধনের সকল আবেদন নিষ্পত্তি করিতে হইবে;

৮। মৃত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র সংশোধনের প্রয়োজন হইলে মাননীয় কমিশন কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত নিম্নরূপ সিদ্ধান্ত অনুসারে নিষ্পত্তি করিতে হইবেঃ

"মৃত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র সংশোধন প্রক্রিয়া সার্বজনীনভাবে উম্মুক্ত না রেখে আইনানুগ উত্তরাধীকার কর্তৃক দাখিলকৃত প্রতিটি আবেদন কমিশনের সিদ্ধান্তের জন্য নথিতে উপস্থাপন করতে হবে। আবেদন কমিশন কর্তৃক অনুমোদিত হলে যথানিয়মে তথ্য সংশোধনপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তির তথ্য-উপাত্ত পুনরায় 'Dead' স্ট্যাটাসে রাখতে হবে। এরূপ সংশোধনের ক্ষেত্রে সকল ধরনের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযুক্ত করে কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের প্রয়োজনীয় আপডেট করতে হবে" ।

এক্ষেত্রে, মৃত ব্যক্তির জীবিত ওয়ারিশ/ওয়ারিশগণ (স্ত্রী/পুত্র/কন্যা/ভাই/বোন ইত্যাদি) কর্তৃক মহাপরিচালক বরাবর হার্ড কপি আকারে আবেদন করিতে হইবে। সংশোধনের ধরন অনুসারে প্রযোজ্য দলিলাদিসহ অনলাইন মৃত্যু সনদ আবশ্যিকভাবে দাখিল করিতে হইবে।

৯। জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নিবন্ধন ফরম-২ ও ফরম-৩ এ লিপিবদ্ধ তথ্যাদি এবং ডাটাবেজে রক্ষিত স্বাক্ষর প্রণিধানযোগ্য হইবে;

১০। সংশোধনের ধরন অনুসারে আবেদনসমূহকে শ্রেণি বিভাজন (category assign) সংক্রান্ত কার্যক্রম নির্বাচন কমিশন সচিবালয়ের ১০ (দশ) অঞ্চলে কর্মরত ২০ (বিশ) জন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাগণ কর্তৃক সম্পাদিত হইবে। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার এতদসংক্রান্ত কার্যক্রম জেলা ভিত্তিক বিভাজন অনুসারে পরিচালনা করিতে হইবে। জেলা বিভাজন আঞ্চলিক নির্বাচন কর্মকতা কর্তৃক নির্ধারণ করা হইবে। তবে হেড অফিসে সীমিত আকারে ক্যাটাগরি নির্ধারণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় সংখ্যক সহকারী পরিচালক/উপ-পরিচালক (প্রতিকল্পসহ) কে দায়িত্ব প্রদান করা হইবে;

১১। সংশ্লিষ্ট নিষ্পত্তিকারী কর্মকর্তাগণ ছকে বর্ণিত প্রযোজ্য দলিলাদি/সাক্ষ্য-প্রমাণাদি/তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সিদ্ধান্ত প্রদান করিবেন এবং ক্ষেত্রমত, চাহিত সংশোধনের ধরন অনুসারে প্রযোজ্য অন্যান্য দলিলাদি চাহিতে পারিবেন;

১২। দাখিলকৃত দলিলাদির মাধ্যমে চাহিত তথ্য সংশোধনযোগ্য মর্মে প্রতীয়মান হইলে সেক্ষেত্রে তদন্তের আবশ্যকতা থাকিবে না;

১৩। কতিপয় সংশোধনের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে:

**(ক)** নামের পূর্বে উপাধি/পদবি যুক্ত করা যাইবে না;

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩ এর দফা (কক) এ বর্ণিত 'নাম' এর অর্থ অনুসারে এবং জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ এর ধারা ৫ অনুসারে নামের প্রারম্ভে 'ডঃ', 'প্রফেসর' 'হাজী', 'আলহাজ',"এডভোকেট" প্রভৃতিসহ অন্য কোন পদবি/উপাধি যুক্ত করে নাম সংশোধন করার সুযোগ নেই। উল্লেখ্য যে, ২০১১ সালে পাসপোর্ট এবং জাতীয় পরিচয়পত্রে সুপ্রীম কোর্টের বিজ্ঞ প্রধান বিচারপতির নামের পূর্বে 'প্রধান বিচারপতি' ও বিজ্ঞ বিচারকগণের নামের পূর্বে 'বিচারপতি' সংযোজনের বিষয়ে দায়েরকৃত এক রীট পিটিশনের প্রেক্ষিতে হাইকোর্ট ডিভিশন হতে প্রদত্ত রায়ের নির্দেশনা অনুসারে বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিজ্ঞ বিচারকগণের ক্ষেত্রে নামের পূর্বে 'প্রধান বিচারপতি' বা ক্ষেত্রমত 'বিচারপতি' পদবি যুক্ত করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। ভোটার তালিকা আইন ও বিধিমালা অনুসারে নামের পূর্বে অর্জিত উপাধি/পদবি সংযুক্ত করার কোন বিধান নেই।

**(খ)** হিন্দু বিবাহিত মহিলাদের নিজ নামের শেষে পিতা বা স্বামীর নাম/স্বামীর গোত্র যুক্তকরণ সংক্রান্তে মাননীয় কমিশনের নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

জাতীয় পরিচয়পত্রে হিন্দু বিবাহিত মহিলাদের নাম পরিবর্তন বিষয়ে গত ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাননীয় নির্বাচন কমিশনের ২২/২০১৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত—

"এসএসসি পাশ ভোটারের জাতীয় পরিচয়পত্র সংশোধনের ক্ষেত্রে যারা এসএসসি পাশ তাদের এসএসসি সনদে উল্লেখ থাকা নাম ঠিক রেখে সংশোধন করতে হবে"।

**(গ)** যদি সন্তানের শিক্ষা সনদের সাথে মিল রাখিয়া পিতা/মাতার নিজ নাম আংশিক সংশোধনের আবেদন দাখিল করা হয়; উক্তরূপ সংশোধনের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি প্রণিধানযোগ্যঃ

- মূল নাম ঠিক থাকিলে এবং পিতা-মাতার নিজের শিক্ষা সনদ না থাকলে অবশ্যই অনলাইন জন্ম সনদ দাখিল করিতে হইবে এবং তদানুযায়ী সংশোধন করিতে হইবে;
- ডাটাবেইজে আবেদনকারী অর্থাৎ পিতা/মাতার শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বা তদূর্ধ্ব থাকিলে তাহাদের শিক্ষা সনদ সংশোধন সাপেক্ষে সংশোধন করিতে হইবে;
- আবেদনকারীর অন্যান্য সন্তানের শিক্ষা সনদে একই রকম নাম রয়েছে কি না তা পর্যালোচনা করিতে হইবে। সেক্ষেত্রে যে সন্তানের শিক্ষা সনদে অসংগতি রয়েছে তার শিক্ষা সনদ সংশোধন করিতে হইবে;

**(ঘ)** মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা দাবিকৃত ব্যক্তিদের জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির নাম সম্বলিত গেজেট/মুক্তিবার্তা/লালবার্তা, অনলাইন জন্ম সনদ, ভাতা বহি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েবসাইট যাচাইয়ান্তে প্রাপ্ত তথ্যাদি বিবেচনায় নিতে হইবে। তাছাড়া এই ধরনের আবেদন 'খ' অথবা তদূর্ধ্ব ক্যাটাগরিতে নিষ্পত্তি করিতে হইবে;

**(ঙ)** জাতীয় পরিচয়পত্রের নিজ নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ ইত্যাদি field একাধিকবার সংশোধন করা যাইবে না। তবে উক্তরূপ সংশোধন চাওয়া হইলে সেটি 'ঘ'ক্যাটাগরি হিসাবে মহাপরিচালক কর্তৃক নিষ্পত্তি করা হইবে;

**(চ)** ওয়ারিশ সনদ/পারিবারিক সনদ/উত্তরাধিকার সনদ দাখিলের ক্ষেত্রে উক্ত সনদে ওয়ারিশগণ/পরিবারের সদস্যগণের জাতীয় পরিচয়পত্র নম্বরসহ chronological order অনুসারে জন্ম তারিখ ও বয়স উল্লেখ থাকিতে হইবে;

**(ছ)** পিতা-মাতা, স্বামী- স্ত্রীর নামের সংশোধনের ক্ষেত্রে উভয়ের জাতীয় পরিচয়পত্রে বিদ্যমান তথ্যভান্ডার যাচাই করিতে হইবে;

**(ঝ)** পিতা-মাতা, সন্তান ও ভাই-বোনদের মধ্যে পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধ দেখা দিলে অধিকতর যাচাইয়ের জন্য DNA পরীক্ষার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা যাইতে পারে।

১৪। তথ্য গোপন করিয়া সরকারি চাকুরি প্রাপ্তির পর জাতীয় পরিচয়পত্রের বিভিন্ন তথ্য সংশোধনের জন্য প্রাপ্ত আবেদনগুলি নিষ্পত্তির জন্য মাননীয় কমিশনের অনুমোদনক্রমে ইতোপূর্বে গঠিত কমিটি এতদসংক্রান্ত আবেদনসমূহ প্রাপ্তির পর যাচাই-বাছাই করতঃ সুপারিশসহ প্রতিবেদন মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের নিকট দাখিল করিবেন;

১৫। সংশোধনের ক্ষেত্রে কারিগরি জটিলতা উদ্ভূত হইলে এনআইডি উইং এর কারিগরি অধিশাখার মতামতের ভিত্তিতে নিষ্পত্তি করিতে হইবে;

১৬। সকল শিক্ষা সনদ/জন্ম সনদ/মৃত্যু সনদ অনলাইনে যাচাই করিতে হইবে। অনলাইনে না পাওয়া গেলে নিষ্পত্তিকারী কর্মকর্তা তাহার বিবেচনায়/বিচারবুদ্ধি (Conscience) প্রয়োগ করে যাচাইপূর্বক সিদ্ধান্ত প্রদান করিবেন;

১৭। প্রয়োজনে নিষ্পত্তিকারী কর্মকর্তা 'ক' 'খ', 'খ-১', 'গ', 'গ-১' এবং 'ঘ' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তিকরণের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য/প্রমাণাদি/মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রদানের জন্য সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার অথবা উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করিতে পারিবেন। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে সুস্পষ্ট মতামত প্রদান করিবেন।

১৮। আবেদনটি ইলেকট্রনিক্যালী ইস্যু করা হইলে আবদেনকারী মোবাইলে এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর পাইবেন, আবেদনের শ্রেণি বিভাজন ক্যাটাগরি সম্বলিত এসএমএস পাইবেন, তদন্ত বা অন্য কোন কাগজপত্র চাওয়া হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন, আবেদনটি মঞ্জুর বা না- মঞ্জুর হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন;

১৯। কোন আবেদন না-মঞ্জুর হইলে না-মঞ্জুরের কারণ লিপিবদ্ধ করিতে হইবে এবং আবেদনকারী যথাযথ পদ্ধতিতে উক্ত আদেশের কপি পাওয়ার অধিকারী হইবেন;

২০। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ জাতীয় পরিচয়পত্র সেবা সংশ্লিষ্ট আবদেনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বিক বিষয়াদি তদারকি করিবে;

২১। সহকারী উপজেলা/ সহকারী থানা নির্বাচন অফিসারও জাতীয় পরিচয়পত্র Re-Issue আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন।

২২। অত্র প্রজ্ঞাপন অনুযায়ী এক ক্যাটাগরীর আবেদন অন্য ক্যাটাগরিতে পরিবর্তিত হইলে সংশ্লিষ্ট অফিসার ক্যাটাগরি প্রদানকারী কর্মকর্তাকে (পত্রযোগে) ক্যাটাগরি পরিবর্তনের জন্য অনুরোধ করিবেন।

২৩। কোন আবেদন মঞ্জুর (Approved) করা হইলে Card Management System এর মাধ্যমে এনআইডি উইং/আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়/সিনিয়র জেলা/জেলা/উপজেলা/থানা নির্বাচন অফিস হইতে সংশোধিত জাতীয় পরিচয়পত্র মুদ্রণ করা যাইবে এবং সংশ্লিষ্ট থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় হইতে সংশোধিত জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হইবে;

২৪। মঞ্জুরকৃত আবেদনের current status এ correction approved by officers' ID/NID নম্বর থাকবে, (যেমন- correction approved by karim_hossain/ 3256205058)

২৫। জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন কোন ক্যাটাগরি হইতে বাতিল হইলে এবং আবেনকারী পুনরায় আবেদন করিলে উক্ত আবেদন Card Management System এ Re-Modified হিসেবে প্রদর্শিত হবে। উক্তরূপ আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিম্নে বর্ণিত ছকানুসারে ক্যাটাগরি নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবেন—

| পূর্বের ক্যাটাগরি | যে ক্যাটাগরি করিতে হইবে |
|---|---|
| **গ** এবং **গ-১** | **ঘ** |
| **খ** এবং **খ-১** | **গ** |
| **ক** | **খ** |
| **ক-১** | **ক** |

২৬। সাংবিধানিক পদমর্যাদাসম্পন্ন এবং রাষ্ট্রের অতিগুরুত্বপূর্ণ ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্রে সংরক্ষিত তথ্য সংশোধনসহ তদসংক্রান্ত যেকোন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর কার্যালয়ের অধীনে একজন সহঃ পরিচালক/উপ-পরিচালককে দায়িত্ব প্রদান করা হইবে। CMS Portal-এ উক্ত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র নম্বরের পাশে বিশেষ সনাক্তকরণ চিহ্ন প্রদর্শিত হইবে;

২৭। মহাপরিচালক এর সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে এতদসংক্রান্ত আদেশ অবহিত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারী বা ক্ষেত্রমতে তাহার আইনানুগ প্রতিনিধি নির্ধারিত পদ্ধতিতে উক্ত আদেশের বিরুদ্ধে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর আপিল দায়ের করিতে পারিবেন এবং আপিল প্রাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আপিল নিষ্পত্তি করিতে হইবে। আপিল আবেদন বাতিলের বিরুদ্ধে দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে মাননীয় কমিশন আপিল সিদ্ধান্ত 'Revision' করিতে পারিবেন;

২৮। জাতীয় পরিচয়পত্র সংশোধন আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সময় সময় জারিকৃত সরকারি নির্দেশনাসমূহ বিবেচনা করিতে হইবে। বর্ণিত বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হইলে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা গ্রহণ সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম করিতে হইবে;

২৯। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং গত ২৩ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে জারিকৃত এতদসংক্রান্ত প্রজ্ঞাপনটি [১৭.০০.০০০০.০৬২.৫১.০০৪.১৩ (অংশ-১২)-৪০৮] বাতিল বলিয়া গণ্য হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
**মোঃ জাহাঙ্গীর আলম**
সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd